উন্নয়নের মূলধারায়

# আলোকিত বাংলাদেশ

বৃহস্পতিবার ■ ১৯ আশ্বিন ১৪২৫ ■ ২৩ মহররম ১৪৪০ হিজরি ■ ৪ অক্টোবর ২০১৮



## ইউআইইউ আন্তঃকলেজ ফুটবল শুরু

প্রথমবারের মতো ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট বুধবার থেকে শুরু হয়েছে। রাজধানীর বাড্ডায় বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে ক্যামব্রিয়ান কলেজ ও উইলস লিটল ফ্লাওয়ার কলেজের মধ্যে প্রথম ম্যাচ অনুষ্ঠিত হয়। ইউআইইউর উপাচার্য অধ্যাপক চৌধুরী মোফিজুর রহমান টুর্নামেন্টের উদ্বোধন করেন। রাজধানীর স্বনামধন্য ১০টি কলেজের অংশগ্রহণে এ টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে ১৩ অক্টোবর। এতে ট্রফিসহ চ্যাম্পিয়ন দল ১ লাখ টাকা এবং রানার্স আপ দল পাবে ৫০ হাজার টাকা। সংবাদ বিজ্ঞপ্তি